# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১২) দুই সিজদার মাঝে দু‘আ না পড়া

(১২) দুই সিজদার মাঝে দু‘আ না পড়া :

রাসূল (ছাঃ) দুই সিজদার মাঝে দু‘আ পড়তেন। কিন্তু উক্ত সুন্নাত সমাজ থেকে উঠে গেছে। অধিকাংশ মুছল্লী আমল করে না। এভাবে ইচ্ছাকৃতভাবে একটি সুন্নাতকে প্রত্যাখ্যান করা গর্হিত অন্যায়।

عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ كَانَ يَقُوْلُ بَيْنَ السَّجْدَتَيْنِ اللهُمَّ اغْفِرْ لِىْ وَارْحَمْنِىْ وَعَافِنِىْ وَاهْدِنِىْ وَارْزُقْنِىْ.

ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, রাসূল (ছাঃ) দুই সিজদার মাঝে এই দু‘আ পড়তেন- اَللَّهُمَّ اغْفِرْ لِىْ وَارْحَمْنِىْ وَعَافِنِىْ وَاهْدِنِىْ وَارْزُقْنِىْ ‘হে আল্লাহ! আপনি আমাকে ক্ষমা করুন, আমার উপরে রহম করুন, আমার অবস্থার সংশোধন করুন, আমকে সৎপথ প্রদর্শন করুন ও আমাকে রূযী দান করুন’।[1] অথবা বলবে ‘রবিবগ্ফিরলী’ ‘হে আমার প্রতিপালক! আপনি আমাকে ক্ষমা করুন’। দুইবার বলবে।[2]

## ফুটনোট

[1]. তিরমিযী হা/২৮৪, ১/৬৩ পৃঃ; আবুদাঊদ হা/৮৫০, ১/১২৩ পৃঃ; মিশকাত হা/৯০০; বঙ্গানুবাদ মিশকাত হা/৮৪০, ২/৩০১ পৃঃ।

[2]. নাসাঈ হা/১১৪৫; মিশকাত হা/৯০১, সনদ ছহীহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1925

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন